দুর্গাপুরে সাধু সমাবেশে অতিরিক্ত গাজা সেবনে বৃদ্ধের মৃত্যু ! ময়নাতদন্ত ছাড়ায় দাফন সম্পন্ন

দুর্গাপুর (রাজশাহী) প্রতিনিধি- রাজশাহীর দুর্গাপুরে ফকির কালাচাঁদ শাহ (রাঃ) ৭৪ তম পবিত্র ওরশ মোবারক উপলক্ষে বিশাল সাধু সমাবেশে প্রকাশ্যে অতিরিক্ত গাজা সেবন করে নাচানাচি করার সময় মাটিতে পড়ে ইমান আলী মিন্টু (৬০) নামের এক বৃদ্ধ মৃত্যুবরণ করেছে। ময়নাতদন্ত ছাড়ায় তাহার মোরাদেহ দাফন সম্পন্ন করা হয়েছে।

জানাযায়, গত ৩০ জানুয়ারি বৃহস্পতিবার প্রশাসনের পাহারায় পাশেই প্রায় ২০ টি গাঁজার আসরে গাঁজা সেবন চলছিলো। রাত অনুমান সাড়ে ৩ টার দিকে হাট-কানপাড়া কালাচাঁন শাহের মাজারে ওরশ চলাকালীন সময়ে শেষ দিনে অতিরিক্ত গাঁজা সেবন জনিত কারণে ইমান আলী মুন্টু মৃত্যুবরন করেন।
মৃত ইমান আলী (মুন্টু) নাটোর জেলার বাগাতি পাড়া উপজেলার রহিমানপুর গ্রামের বাসিন্দা ছিলেন, বর্তমানে তিনি দুর্গাপুর উপজেলার শায়বাড় গ্রামে দ্বিতীয় বিয়ে করে বসবাস করছিলেন।

মৃত্যুর ঘটনাটি ধামাচাপা দিতে হাট-কানপাড়া কালাচাঁন শাহের মাজারের সভাপতি ফকির বাছের উদ্দিন নকশাবন্দী মৃত ব্যাক্তির লাশ সু-কৌশলে সুজন আহম্মেদ নামের ব্যক্তিকে দিয়ে মাইক্রো যোগে পাঠিয়ে দেন । পরবর্তীতে মৃতের লাশ এর মরদেহের ময়নাতদন্ত ছাড়াই দাফন সম্পন্ন করা হয়েছে ।

এ ব্যাপারে হাট-কানপাড়া কালাচাঁন শাহের মাজারের সভাপতি ফকির বাছের উদ্দিন নকশাবন্দী মাজারে গিয়ে তার দেখা মেলেনি ।
তাহার মোবাইল ফোন ০১৭৫১৩৮৫১… নাম্বারে একাধিক বার ফোন দিলেও তিনি রিসিভ না করায় তাহার বক্তব্য নেওয়া সম্ভব হয় নাই।

এ ব্যাপারে দূর্গাপুর থানার অফিসার ইনচার্জ দুরুল হোদা সাথে কথা বলেন তিনি বলেন, আমি ছুটিতে আছি। আমাকে জাননো হয়েছে, তার বয়স ৭৩ বছর। সে জিকির আজগার করতে করতে মৃত্যুবরণ করেছেন।

এ বিষয়ে দূর্গাপুর উপজেলা নির্বাহী অফিসার সাবরিনা শারমিনের হোয়াটসঅ্যাপ ও মোবাইল ফোনে একাধিকবার ফোন দেয়া হলেও তিনি ফোন রিসিভ করেননি।

এবিষয়ে রাজশাহী জেলা প্রশাসক (ডিসি) আফিয়া আখতার জানান,দুর্গাপুরে কালাচাঁন শাহের মাজারে বৃদ্ধে মৃত্যুর বিষয় অবগত আছি।